

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৪

৫. কিতাবুল ঈমান (كتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ উল্লেখিত হাদীসগুলো দ্বারা উদ্দেশ্য হলো কোন জিনিস পরিপূর্ণ না হওয়ার কারনে তার থেকে ঐ জিনিসের নাম ব্যবহার না করা- এর প্রমাণে হাদীস

ذِكْرُ خَبَرٍ يَدُلُّ عَلَى أَنَّ الْمُرَادَ بِهَذِهِ الْأَخْبَارِ نَفْيُ الْأَمْرِ عَنِ الشَّيْءِ لِلنَّقْصِ عَنِ الْكَمَالِ

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّتَنَا الْحَسَنُ بْنُ الصَّبَّاحِ الْبَزَّارُ حَدَّثَنَا مُؤَمَّلُ بْنُ إِسْمَاعِيلَ عَنْ حَمَّادِ بُنِ سَلَمَةَ عَنْ ثابت عَنْ أَنسِ بْنِ مَالِكٍ قَالَ: خَطَبَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ فِي الْخُطْبَةِ: "لَا إِيمَانَ لِمَنْ لَا أَمَانَةَ لَهُ ولا دين لمن لا عهد له".

الراوي: أنس بن مَالِكٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 194 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৯৪. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আমাদের উদ্দেশ্যে ভাষণে বলেছেন: 'যার আমানতদারিতা নেই, তার ঈমান নেই, আর যে প্রতিশ্রুতি রক্ষা করে না, তার কোন দ্বীন নেই।'[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৭; মুসনাদ আহমাদ: ৩/১৩৫; বাযযার: ১০০; বাইহাকী, আস সুনান: ৬/২৮৮; শারহুস সুন্নাহ: ৩৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজুল মিশকাত: ৩৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন